

যুগান্তর

মেডিকেল শিক্ষার মান বজায় রাখতে সরকার বন্ধপরিষ্কার : স্বাস্থ্যমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, মেডিকেল কলেজে ভর্তির ক্ষেত্রে মান নিয়ে কোনো আপস কার হবে না। ভর্তির সময় ন্যূনতম নম্বর অর্জনে যে ব্যর্থ হবে সে কোনোভাবেই ভালো চিকিৎসক হওয়ার দাবি করতে পারে না। মেডিকেল শিক্ষার মান যে কোনো মূল্যে বজায় রাখতে সরকার বন্ধপরিষ্কার।

রোববার সচিবালয়ে চিকিৎসা শিক্ষা প্রশাসনে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ বেসরকারি মেডিকেল কলেজ অ্যাসোসিয়েশন (বিপিএমসিএ) ও ডেন্টাল কলেজ অ্যাসোসিয়েশনের সঙ্গে এক মতবিনিময় সভায় সভাপতিত্বকারে

এসব কথা বলেন তিনি।

সভায় স্বাস্থ্য সচিব শৈয়দ মনজুরুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিএমএ মহাসচিব অধ্যাপক ডা. ইকবাল আর্শাদান, বিপিএমসিএ'র চেয়ারম্যান মোয়াজ্জেম হোসেনসহ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদফতর ও বিএমডিসির উর্ধ্বতন কর্মকর্তরা উপস্থিত ছিলেন। সভায় মেডিকেল কলেজে ভর্তিতে সংশ্লিষ্ট আসন, বিদেশী ছাত্রছাত্রীদের বাংলাদেশে ভর্তি, ডেন্টাল কলেজে ভর্তির ক্ষেত্রে প্রাস নম্বর ধার্যসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। মেডিকেল শিক্ষায় বেসরকারি বিনিয়োগকে উৎসাহ জোগাতে সরকারের

আর্থিক সমর্থন হ্রাস করা হবে না। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ১৬ কোটি টাকা ব্যয়ে দেশে চিকিৎসক সংখ্যা দুই-নগণ্য। সরকার সব সময় চায় দেশে চিকিৎসক চাহিদা মেটাতে সরকারের পাশাপাশি বেসরকারি বিনিয়োগ অব্যাহত থাকুক। কিন্তু মেডিকেল শিক্ষার মান সন্মত রাখার দিকেও সবাইকে সতর্ক থাকতে হবে।

ওয়ান ফার্মার উদ্বোধন : এদিকে শনিবার এক অনুষ্ঠানে রাজধানীতে ওষুধের দোকান সীমিত করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, মুড়ি-মুড়কির দোকানে ওষুধ বিক্রি চলবে না। প্রত্যেকটি এলাকার প্রয়োজন অনুযায়ী ওষুধের দোকান রাখা হবে। এছাড়া যেসব দোকান লাইসেন্স নবায়ন করে না সেগুলো বন্ধ করে দেয়া হবে। শনিবার সোনারগাঁও হোটেলের ওয়ান ফার্মার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য আ ফ ম বাহাউদ্দিন নাসিম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ডা. কামরুল হাসান খান, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের কমান্ডেন্ট মেজর জেনারেল মো. জাহাঙ্গীর হোসেন মলিক, ওষুধ প্রশাসন অধিদফতরের মহাপরিচালক মেজর জেনারেল মোস্তাফিজুর রহমান।